কুষ্টিয়ায় কবর জিয়ারতের মধ্য দিয়ে নির্বাচনী প্রচারণা শুরু করলেন রউফ চৌধুরী

কুষ্টিয়া-২ (মিরপুর-ভেড়ামারা) সংসদীয় আসনের বিএনপি মনোনীত প্রার্থী ব্যারিস্টার রাগীব রউফ চৌধুরী তাঁর বাবা-মায়ের কবর জিয়ারতের মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে নির্বাচনী প্রচারণা শুরু করেছেন।

বৃহস্পতিবার সকালে তিনি নিজ এলাকা মিরপুর উপজেলার বারুইপাড়া ইউনিয়নের ছত্রগাছা পারিবারিক কবরস্থানে মরহুম বাবা বীর মুক্তিযোদ্ধা আব্দুর রউফ চৌধুরী ও মায়ের (মরহুমা নার্গিস রউফ চৌধুরী) কবর জিয়ারত করেন।

এ সময় তিনি তাঁদের রুহের মাগফিরাত কামনা করে দোয়া ও মোনাজাত করেন।

কবর জিয়ারত শেষে ব্যারিস্টার রাগীব রউফ চৌধুরী বলেন, বাবা-মায়ের আদর্শ ও দোয়া নিয়েই তিনি জনগণের কাছে যাচ্ছেন। মিরপুর ও ভেড়ামারার মানুষের ভালোবাসা ও সমর্থন নিয়ে তিনি সংসদে গিয়ে এলাকার সার্বিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি এবং অবহেলিত জনপদের ন্যায্য অধিকার আদায়ে কাজ করতে চান।

এ সময় বিএনপির স্থানীয় নেতাকর্মী, সামাজিক ব্যক্তিবর্গ ও শুভানুধ্যায়ীরা তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন। কবর জিয়ারতের মধ্য দিয়ে শুরু হওয়া এই প্রচারণাকে কেন্দ্র করে মিরপুর ও ভেড়ামারায় রাজনৈতিক অঙ্গনে নতুন উদ্দীপনা লক্ষ্য করা যাচ্ছে।

স্থানীয় নেতাকর্মী ও সাধারণ মানুষের বিশ্বাস, মিরপুর-ভেড়ামারার মানুষের স্বতঃস্ফূর্ত সমর্থন ও ভালোবাসায় আসন্ন নির্বাচনে ব্যারিস্টার রাগীব রউফ চৌধুরী ধানের শীষ প্রতীকে বিজয়ী হবেন। তারা মনে করছেন, সততা, পারিবারিক রাজনৈতিক ঐতিহ্য ও উন্নয়নমুখী ভাবনাই তাঁকে এই আসনে বিজয়ের পথে এগিয়ে নেবে।

উল্লেখ্য, আব্দুর রউফ চৌধুরী ছিলেন দক্ষিণ-পশ্চিমাঞ্চলের রণাঙ্গনের সাবেক জোনাল চেয়ারম্যান এবং একাধিকবার নির্বাচিত সংসদ

সদস্য। মুক্তিযুদ্ধ ও পরবর্তী সময়ে সততা, সাহসিকতা ও জনসম্পৃক্ত রাজনীতির জন্য তিনি এলাকায় ব্যাপকভাবে সম্মানিত ছিলেন। তাঁর রাজনৈতিক আদর্শ ও জনসেবার চেতনা থেকেই ব্যারিস্টার রাগীব রউফ চৌধুরী রাজনীতিতে সক্রিয় ভূমিকা রাখছেন বলে স্থানীয়রা মনে করেন।